

সিডনী সংবাদ

ডঃ মোহাম্মদ আবদুর রাযযাক

১

বহু কিছু দেখি, শুনি, প্রবাসের বরাতে,
সিডনীবাসির তরে তাই লিখি ছড়াতে।

২

প্রফেসর ইউনুসের ঘোষণার পরে
কেউ সুখী, কেউ দুঃখী, সিডনী শহরে।
নেতারা বলেন 'বেটা, হয়েছিস সাইজ,
রাজনীতি নয় তোর নোবেলের প্রাইজ।'

৩

কাগজেতে বাজেটের বেরিয়েছে বিবরণ
তাই পড়ে অনেকেরই প্রাণে জাগে শিহরণ।
হুণ্ডায় বেঁচে যাবে দশ টাকা তিন আনা,
তা দিয়ে খেলবে 'লটো', আর কিছু কিনা না।
দান যদি লেগে যায়, তবে আর পায় কে;
মর্টগেজ শোধ হবে, এর বেশী চায় কে?

৪

সিডনীর বাঙালীরা হয়ে গেছে চুপচাপ;
শেষ হয়ে গেছে মেলা, শেষ তার উত্তাপ।
ক্রিকেটের ওয়ার্ল্ড কাপও শেষ হয়ে গেছে তাই,
রাত জেগে খেলা দেখা - সে ঝামেলা আর নাই।
গান গেয়ে টপ-টেন ও ফিরে গেছে ঢাকাতে;
উইক এন্ড কাটে শুধু হেথা-হোথা দাওয়াতে।
সে সব দাওয়াতে চলে জোর পরচর্চা,
পেট, মন, সবই ভরে নেই কোন খরচা।

৫

চৌদ্দশ চৌদ্দের বৈশাখী মেলা শেষ,
'হোমবুশে এবারের মেলা গ্র্যান্ড সাকসেস।'
নেতারা বেজায় খুশী, তবে দুঃখ এ ব্যাপারে
বেয়ারা দু'একজন লিখে যা তা পেপারে।
'কথা দিয়ে কথা রাখা এ আবার কোন দায়?
দিয়েই ফেলেছি যাহা কি করে তা রাখা যায়?
স্টেজ থেকে নেমে যেতে বলেছি? করেছি বেশ!
এই মেলা আমাদের, ব্যস, সব কথা শেষ।
'তিল্লু অভিজ্ঞতা' নিয়ে নিজ বাড়ী যান
তেল-মশলায় ভেজে ভাত দিয়ে মেখে খান।
কে কোথায় কি বললো তাতে কিবা আসে যায়;
আমরা অনেক বড়, আমাদের কে ঠেকায়?'